এই আইন

ট্র্যাফিকিং এণ্ড ভায়লেন্স প্রটেকশন অ্যাক্ট (TVPA) অবৈধ অনুপ্রবেশকারীকে কমপক্ষে *তিন বছর* US তে থাকতে দেয়, পাচারকারীদের শাস্তির বর্ণনা দেয়, এবং অবৈধ অনুপ্রবেশকারীরা যেসব পরিষেবা পেতে পারে তার তালীকা প্রকাশ করে।

TVPA নির্ভুলভাবে ঠিক করে কোন ধরণের অনুপ্রবেশকারী US তে থাকতে পারে। **T Visa** পাবার যোগ্যতার জন্য একজন প্রাপ্তবয়স্ক অবৈধ অনুপ্রবেশকারীকে অবশ্যই 'চরম ধরণের পাচারের' মুখমুখি হতে হয়েছে যার মধ্যে আছে:

- জোর করা, জালিয়াতি, অথবা হুমকি এবং
- অনিচ্ছায় মজুরের বা যৌন কর্মীর কাজ করা।

পাচার হওয়া বাচ্চা বা যুবাদের ক্ষেত্রে ব্যতিক্রম: 18 বছর বয়েসের কম পাচার হয়ে আসা ব্যক্তি T visa পাবার যোগ্য যদি তাকে যৌন কর্মীর কাজ *করতে বাধ্য করা হয় তা সে জোর করে, ছল করে বা হুমকি দিয়ে যে করেই হোক।*

অবৈধ অনুপ্রবেশকারীরা **U Visa** ভিসা পেতে পারে যারা:

- অপরাধ করার জন্য অনেক দুঃব্যবহার সহ্য করেছে, এবং
- তদন্ত বা ফৌজদারি মামলায় সাহায্য করেছে বা সাহায্য করতে পারে।

পাচার হয়ে আসা *ব্যক্তির আত্মিয়ও* US তে থাকার যোগ্য।

পাচার হয়ে আসা ব্যক্তিরা উদ্বাস্তুর মত স্বাস্থ্য এবং মানবিক পরিষেবা পাবার যোগ্য।

AALDEF

অ্যাডভানসিং দি রাইটস অফ ওমেন এণ্ড ইয়ুথ ট্র্যাফিকিং সারভাইভারস: এই প্রকল্পের মাধ্যমে পাচার হয়ে আসা মহিলা এবং যুব সম্প্রদায়ের জন্য আইনের প্রতিনিধি দেওয়া হয় যাতে তারা উন্নত পেশাদার পরিষেবা পেতে পারে।

AALDEF: এশিয়ান আমেরিকান লিগাল ডিফেন্স এণ্ড এডুকেশন ফাণ্ড (AALDEF) 1974 সালে স্থাপিত যারা মামলা, ওকালতি, এবং অভিবাসীর অধিকার, ভোট দেবার অধিকার আর্থিক সুবিচার, বিদ্বেষজরিত অত্যাচার এবং পুলিসের দুর্ব্যবহারের বিষয়ের ওপর সামাজিক শিক্ষার মাধ্যমে এশিও আমেরিকানদের সামাজিক অধিকার রক্ষা করে।

AALDEF এর সাথে যুক্ত অন্য প্রকল্প

এডুকেশনাল ইকুইটি এণ্ড ইয়ুথ রাইটস: এই পরিকল্পনার লক্ষ হচ্ছে দ্বিভাষী শিক্ষার সুযোগ করে দেওয়া, ভাষার অনুবাদ, সরকারী স্কুলে এশিওদের ওপর অত্যাচার, 9-11 পর এবং খারাপ দলের বিবরণ, স্কুলের পরীক্ষা এবং ইতিবাচক প্রতিক্রিয়া।

ডিফেন্ডিং এগেইনস্ট লোকাল ইমিগ্রেশান এন ফোরসমেন্ট ইনিসিয়েটিভ: এই পরিকল্পনার উদ্দেশ্য হচ্ছে স্থানীয় এবং রাজ্য সরকারের সাথে যুক্ত সংস্থার দ্বারা অভিবাসন আইন বলবৎ অস্বীকার করা এবং স্থানীয় / রাজ্যের দ্বারা অভিবাসীদের অধিকারে হস্তক্ষেপ করার বিরুদ্ধে সমাজ গঠন এবং শিক্ষা, নীতির ওকালতি এবং মামলার মাধ্যমে প্রতিরোধ করা।

আইন সংক্রান্ত প্রশ্নের জন্য,
ইকুয়াল জাস্টিস ওয়ার্কস ফেলো **আইভি ও সুরিওপাসের,** সাথে **212.966.5932 X 235** নম্বরে যোগাযোগ করুন বা **isuriyopas@aaldef.org**. এ ইমেল দিন

পরামর্শের জন্য **X 224** নম্বরে **Mabel Tso** এর সাথে যোগাযোগ করুন বা **mtso@aaldef.org**. এ ইমেল দিন।

ছলেবলে নিয়ে আসা মহিলা এবং যুবক যুবতীদের অধিকার সুরক্ষা করা

এশিয়ান আমেরিকান লিগাল ডিফেন্স এণ্ড এডুকেশন ফাণ্ড
99 হাডসন স্ট্রিট, 12 তলা
নিউ ইয়র্ক, NY 10013-2815
ফোন 212.966.5932 ফ্যাক্স 212.966.4303

Trafficking-Bengali

ট্র্যাফিকিং-এর সঙ্গা

ট্র্যাফিকিং হচ্ছে জোর করে, ছল করে, বা দাসত্বর হুমকি দিয়ে, বাধ্যতামূলক শ্রম, বা জোর করে বিয়ে দিয়ে অথবা ব্যবসায়িক ক্ষেত্রে কাজ দিয়ে শোষন করা (যেমন কৃষি, কারখানা, নির্মাণ, রেস্তরা, বাড়ির চাকর, বা পেশাদার যৌন কর্মী) এই সবের মাধ্যমে কোন লোককে নিয়োগ করা, আটকে রাখা বা পাচার করে আনা।

ট্র্যাফিকিং-এর মাধ্যমে আসা ব্যক্তিকে যে প্রশ্ন করা হয়

- আপনি কি US তে একটা কাজ বা উদ্দেশ্যের জন্য এসেছিলেন, এবং তারপর আবিষ্কার করেন যে প্রস্তাবিত কাজের *বদলে* অন্য কাজ দেওয়া হচ্ছে?
- আপনাকে কি জোর করে কাজ করান হচ্ছে - যেমন:
  - অন্যের বাড়ির চাকর হিসাবে?
  - কোন কারখানা, খামার বা রেস্তরায় মজুর হিসাবে?
  - যৌন কর্মী হিসাবে?
  - আপনার বিবাহিত সঙ্গীর ঘরের কাজ করার জন্য?
- আপনি কি *বিনা মাইনেতে* কাজ করছেন?
- আপনাকে কি বলা হয়েছিল *কাজ করে ঋণ শোধ করতে হবে?*
- আপনাকে কি বাড়ির বাইরে যাবার জন্য, খাবার জন্য, ঘুরবার জন্য বা বাথরুমে যাবার জন্য *অনুমতি নিতে হয়?*
- কেউ কি আপনার পাসপোর্ট এবং অন্য *পরিচয়পত্র কেড়ে নিয়েছে?*
- আপনাকে বা আপনার পরিবারকে কি *অত্যাচার বা হুমকি দেওয়া হয়েছে?*

ট্র্যাফিকিং-এর ওপর ভুল ধারণা

- **ট্র্যাফিকিং এবং চোরাচালান এক নয়।** পাচার হচ্ছে সইচ্ছায় অনুমতি ছাড়া আন্তর্জাতিক সীমানা পার হওয়া। পাচার করা অভিবাসীরা US আইন অমান্য করেছে অন্যদিকে যাদের ছলেবলে US তে নিয়ে আসা হয়েছে এবং জোর করে, তাদের ইচ্ছার বিরুদ্ধে কাজ করান হচ্ছে *তারা আইনের সুরক্ষা পায়।*
- **ট্র্যাফিকিং এবং ঘরোয়া আক্রমণের অনেক মিল আছে।** ট্র্যাফিকাররা দৈহিক এবং মানসিক অত্যাচারের সাহায্যে আক্রান্ত ব্যক্তিকে বশ করে। যারা এই অত্যাচার সহ্য করে তারা খুব নিঃসঙ্গ, তারা সংবাদ হয় না, তাদের ভাষার সমস্যা আছে, তাদের সংগীত নেই, তাদের কোন ক্ষমতা নেই এবং তারা এগিয়ে আসতে ভয় পায়।
- **বেশ্যাবৃত্তি বা অন্য যৌন কাজের জন্য মানুষের লেনদেন করার থেকেও ট্র্যাফিকিং ওপরে।** ছলেবলে আসা লোকেরা করাখানায়, কামারে, রেস্তরায়, নির্মাণ বা লোকের বাড়িতে দাসত্ব করে। অন্যদের অপরাধ করতে বাধ্য করা হয় বা জোর করে বিয়ে দেওয়া হয়।
- **ছলেবলে আসা লোকেরা US নাগরিক হতে পারে।** এইসব লোকের মধ্যে আছে নাগরীক, বিদেশী, US এর স্থায়ী আইন সংগত বাসীন্দা, এছাড়া অবৈধ অভিবাসী।
- **ট্র্যাফিকিং-এর সাথে পুরুষ, মহিলা, এবং বাচ্চারা যুক্ত থাকে।** ছলেবলে আসা লোক সব মাপের হয়। যাদের ছলেবলে আনা হয় তার অর্ধেক হচ্ছে বাচ্চা এবং অত্যাচার সহ্যকারীর 80% হচ্ছে মহিলা।

ছলেবলে আসা টিকে থাকা লোকদের সনাক্ত করা

নীচের একটা বা কয়েকটা সত্যি হলে কেউ এর বলি হতে পারে:

- শ্রমিক আইন অমান্যকারী।
- একজন নিয়োগকর্তা বা বিবাহিত সঙ্গী তাকে / তার পরিবারকে হুমকি দিয়েছে।
- তার সাথে সবসময় একজন অন্য লোক থাকে যে নিয়ন্ত্রণ করে।
- তার কোন পরিচয় নেই।
- কাজ করার জন্য যে পয়সা পায়না বা কাজ করে ঋণ শোধ করছে।
- সাধারণত এইসব লোক যে কাজ করে তা হচ্ছে বাড়ির চাকর, যৌনসংক্রান্ত, কৃষি বা মাছ ধরা।

উপায়

- 911 নম্বরে পুলিসকে জানান।
- 1.800.966.5946 নম্বর হটলাইনে AALDEF - এর সাথে যোগাযোগ করুন বা আইনের পরামর্শ বা পরিষেবার জন্য অন্য আইন সংস্থার সাথে কথা বলুন।
- 1.888.428.7581 নম্বরে US ডিপার্টমেন্ট অফ জাস্টিসের, ট্র্যাফিকিং ইন পারসনস এণ্ড ওয়ার্কার একসপ্লয়টেশন টাস্ক ফোর্স কমপ্লেইন্ট - এ ফোন করুন।
- 1.888.3737.888 নম্বরে US ডিপার্টমেন্ট অফ হেল্থ এণ্ড হিউম্যান সার্ভিসেস - এর ট্র্যাফিকিং ইনফরমেশন এণ্ড রেফারাল হটলাইনে ফোন করুন।